প্রথম আলো

তারিখ 6 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

চট্টগ্রামের ভারপ্রাপ্ত মেয়রের ঘোষণা

# স্কুল ভেঙে বাণিজ্যিক ভবন নির্মাণের সিদ্ধান্ত বাতিল

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ●

চট্টগ্রামে মেয়েদের ঐতিহ্যবাহী দুটি স্কুল—অপর্ণাচরণ ও কৃষ্ণকুমারী বালিকা উচ্চবিদ্যালয় ভেঙে বাণিজ্যিক ভবন নির্মাণের সিদ্ধান্ত বাতিল করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন। গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে চট্টগ্রামের ভারপ্রাপ্ত মেয়র এস এম ইকবাল হোসেন এ ঘোষণা দেন। সেই সঙ্গে এ প্রকল্পের সব কর্মকাণ্ডও বাতিল করা হয়েছে বলে তিনি জানান। সুইজারল্যান্ডে অবস্থানরত মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীর সঙ্গে আলাপের পর এ প্রকল্প বাতিলের সিদ্ধান্ত হয় বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সিটি করপোরেশনের কেবি আবদুস সাত্তার মিলনায়তনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে ভারপ্রাপ্ত মেয়র বলেন, অদূর ভবিষ্যতে স্কুল দুটি সংস্কার কিংবা নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দিলে সর্বস্তরের জনগণের সঙ্গে কথা বলে মেয়র সিদ্ধান্ত নেবেন।

প্রধানমন্ত্রী কিংবা শিক্ষা মন্ত্রণালয়ের কোনো নির্দেশের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে ভারপ্রাপ্ত মেয়র বলেন, 'এ ধরনের কোনো নির্দেশ আমরা পাইনি। যেহেতু স্কুলের জায়গায় নতুন ভবন নির্মাণের সিদ্ধান্তকে কেন্দ্র করে বিভিন্ন মহলে ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে, তাই এ প্রকল্প বাতিল করা হয়েছে।'

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ জাকারিয়া, মো. ইয়াছিন চৌধুরী আশু, মহিলা কমিশনার মনোয়ারা বেগম মনি, প্রধান প্রকৌশলী নিজাম উদ্দিন চৌধুরী ও প্রধান শিক্ষা কর্মকর্তা অধ্যাপক রওশন আক্তার হানিফ।